সাফল্য—ইহাই এস্থলে বলা হইল। অন্যান্য বহির্ম্মুখজন এইরূপ সিদ্ধান্ত মনে করে যে—ধর্ম্মের ফল অর্থ, অর্থের ফল বিষয়ভোগ, বিষয়ভোগের ফল ইন্দ্রিয়প্রীতি এবং ইন্দ্রিয়প্রীতির ফল পুনর্ব্বার ধর্ম্মানুষ্ঠানাদি—এ ধারণাটি তাহাদের সম্পূর্ণই ভুল; যেহেতু ধর্ম্মের ফল কখনও অর্থ হইতে পারে না। কারণ যে ধর্ম্মানুষ্ঠান করিয়া 'পুনরপি জননং পুনরপি মরণং, পুনরপি জননী-জঠরে শয়নং' নিবৃত্ত হয় না, তাহাকে কখনও ধর্ম্ম বলা যাইতে পারে না। "ধরতীতি ধর্ম্মঃ" কর্ম্মস্রোতে ভাসমান জীবকে যে ধরিয়া রাখে, সেই ধর্ম্ম; অতএব শ্রীসূতগোস্বামীচরণ ধর্ম্মাদি অনুষ্ঠানের ফল দুইটী শ্লোকে অন্য-প্রকারই বলিয়াছেন—অপবর্গ প্রতিপাদক ধর্ম্মের ফল অর্থ নহে। সেই অপবর্গ প্রতিপাদক ধর্ম্মপ্রাণ-অর্থের ফল কখনও বিষয়ভোগ হইতে পারে না। বিষয়ভোগের ফল ইন্দ্রিয়প্রীতি নহে, তবে যতটুকু পর্য্যন্ত বিষয় ভোগ না করিলে জীবন রক্ষা হয় না, ততটুকু পর্য্যন্ত বিষয় ভোগ করিবে। কারণ বহু সৌভাগ্যে সর্ব্বেন্দ্রিয় শক্তিযুক্ত মনুষ্য জনম লাভ করা হইয়াছে; এ মনুষ্যজীবনটীকে অবশ্যই রক্ষা করিতে হইবে। তত্ত্ববস্তু জানাই বাঁচিয়া থাকিবার উদ্দেশ্য। কেবলমাত্র তালবৃক্ষের মত দীর্ঘকাল বাঁচিয়া থাকিলেই মনুষ্যজীবনের সাফল্য হয় না। ইহলোকে ধর্ম্মাদি অনুষ্ঠান দ্বারা অর্থাদি লাভ প্রয়োজন নহে॥ ৬॥

আপবর্গস্য, যথা বর্ণবিধানমপবর্গশ্চ ভবতি যোঽসৌ ভগবতি সর্ব্বাত্মন্যনাত্ম্যেঽনিরু-ক্তেঽনিলয়নে পরমাত্মনি বাসুদেবেঽনন্যনিমিত্ত ভক্তিযোগলক্ষণো নানাগতিনিমিত্তা-বিদ্যাগ্রন্থিরন্ধনদ্বারেণ যদাহি মহাপুরুষপুরুষপ্রসঙ্গ ইতি পঞ্চমস্কন্ধ গদ্যানুসারেণ অপবর্গো ভক্তিঃ, তথা চ স্কান্দে রেবাখণ্ডে- নিশ্চলা ত্বয়ি ভক্তির্যা সৈব মুক্তির্জ্জনার্দ্দন। মুক্তা এবহি ভক্তাস্তে তব বিষ্ণো। যতোহরে॥ ইতি। ততঃ উক্তরীত্যা ভক্তিসম্পাদক-স্যেত্যর্থঃ। অর্থায় ফলত্বায়। তথার্থস্যাপ্যেবম্ভূতধর্ম্মাব্যভিচারিণঃ কামোলাভায় ফলত্বায় নহি স্মৃতস্তত্ত্ববিদ্ভিঃ। কামস্য বিষয়ভোগস্যেন্দ্রিয়প্রীতির্লাভঃ ফলং ন ভবতি, কিন্তু যাবতা জীবেত তাবানেব কামস্য লাভঃ তাদৃশজীবনপর্য্যাপ্ত এব কামঃ সেব্য ইত্যর্থঃ। জীবনস্য চ পুনঃ ধর্ম্মানুষ্ঠানদ্বারা কর্ম্মভির্য ইহ প্রসিদ্ধঃ স্বর্গাদিঃ সোঽর্থো ন ভবতি কিন্তু তত্ত্বজিজ্ঞাসৈবেতি। তদেবং তত্ত্বজ্ঞানং যস্যা ভক্তেরবান্তরফলমুক্তম্ সৈব পরং ফলমিতিভাবঃ। কিন্তত্ত্বমিত্যপেক্ষায়াং পদ্যমেকং তুদাহৃতম্—বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ং। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতিশব্দ্যতে॥ ইতি। অদ্বয়মিতি অস্যাখণ্ডত্বম্ নির্দ্দিশ্যান্যস্য তদনন্যত্ববিবক্ষয়া তচ্ছক্তিত্বমেবাঙ্গীকরোতি। তত্র শক্তিবর্গলক্ষণতদ্ধর্ম্মাতিরিক্তং কেবলং জ্ঞানং ব্রহ্মেতি শব্দ্যতে অন্তর্যামিত্বময়মায়া-শক্তি প্রচুরচিচ্ছক্ত্যংশবিশিষ্টং পরমাত্মেতি পরিপূর্ণসর্ব্বশক্তিবিশিষ্টং ভগবানিতি। বিবৃতঞ্চৈতৎ প্রাক্তনসন্দর্ভত্রয়েণ। তচ্চ ত্রিধাবির্ভাবযুক্ত মেব তত্ত্বং ভক্তৈব সাক্ষাদপি